



[একই স্মারক ও তারিখের বিকল্প আদেশ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ওএম/১০৩-সম(অংশ-৭)/২০১৩-১২

তারিখ: ১০/০১/২০২১ খ্রি.

বিষয়: সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২১ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত **ডিজিটাল লটারির** মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ভাইরাস অতিমারীর কারণে শুধুমাত্র ২০২১ শিক্ষাবর্ষে সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য **ডিজিটাল লটারির** মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

২। উক্ত সিদ্ধান্তের আলোকে আগামী ১১/০১/২০২১ খ্রি. তারিখ সোমবার বিকাল ৩.৩০ মিনিটে **ডিজিটাল লটারি** অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে। **ডিজিটাল লটারি** অনুষ্ঠান আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, সেগুনবাগিচা, ঢাকা এর অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। শিক্ষার্থী নির্বাচনের **ডিজিটাল লটারির** এ অনুষ্ঠান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ফেসবুক পেইজ (<https://www.facebook.com/dshe.moebd>) ও ইউটিউব চ্যানেল এবং টেলিভিশন চ্যানেল সরাসরি সম্প্রচার করবে।  
উল্লেখ্য, উক্ত **ডিজিটাল লটারি** অনুষ্ঠানে ডা. দীপু মনি, এম.পি. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রধান অতিথি, মহিবুল হাসান চৌধুরী, এম.পি. মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বিশেষ অতিথি এবং মো: মাহবুব হোসেন, সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

এমতাবস্থায়, ২০২১ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির জন্য **ডিজিটাল লটারি** অনুষ্ঠানে আপনাকে উপস্থিত থাকার জন্য উপরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

**প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক**

মহাপরিচালক

ফোন: ৯৫৫৩৫৪২

**বিভরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ২। উপসচিব, সরকারি মাধ্যমিক-১, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৩। জেলা প্রশাসক, ঢাকার একজন প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের)
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা
- ৫। সহকারী পরিচালক (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৬। সহকারী পরিচালক (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

**অনুদ্বিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-**

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[দৃষ্টি আকর্ষণ: দৃ: আ: অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক-১)]
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৪। পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
[পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৫। সংরক্ষণ নথি

  
১০.০১.২০২১

(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

০২-৪১০৫০২৮৩

[dddshesecondary@gmail.com](mailto:dddshesecondary@gmail.com)